উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প

(UGDP)

ইউজিডিপি দ্বারা কোভিড-১৯ প্রতিরোধে গৃহীত উদ্যোগ: ফিরে দেখা

প্রেক্ষাপট

২০১৯ সালের ডিসেম্বরের শেষের দিকে কোভিড-১৯ এর প্রথম কেস চীনে সনাক্ত হয়েছিল, এবং ভাইরাসটির দ্রুত বিস্তার বিশ্বকে একটি নজিরবিহীন পরিস্থিতির মুখোমুখি করছিলো। ভাইরাসটির দ্রুত প্রসারের ফলে, জানুয়ারির শেষের দিকে এটিকে জনস্বাস্থ্য জনিত জরুরি একটি আন্তর্জাতিক উদ্বেগ হিসেবে ঘোষণা করা হয় এবং তৎপরবর্তীতে ১১ মার্চ ২০২০ তারিখে who দ্বারা এটিকে মহামারি হিসেবে ঘোষণা করা হয়। বাংলাদেশেও ভাইরাসটি মার্চ মাসে ছড়িয়েছে বলে নিশ্চিত হওয়া গেছে। ৮ মার্চ ২০২০ এদেশে কোভিড-১৯ এর প্রথম তিনটি কেস সনাক্তের রিপোর্ট করা হয়েছিল। সাধারণত, একটি মহামারি বিশ্বব্যাপী বিভিন্ন দেশে বিভিন্নভাবে প্রকাশ পায়; এবং আঞ্চলিক বৈশিষ্টের উপর ভিত্তি করে বিশ্বব্যাপী একটি মানসম্মত উদ্যোগ গ্রহণ বিশেষ করে বাংলাদেশের মতো অধিক জনসংখ্যা কিন্তু সীমিত সম্পদের অঞ্চলগুলোর ক্ষেত্রে কঠিন হয়ে পড়ে। তদুপরি, এটি অনুমান করা হচ্ছিলো যে উন্নয়নশীল দেশগুলো, তাদের ভঙ্গুর অর্থনৈতিক অবস্থা, দুর্বল শিক্ষা এবং অপ্রতুল স্বাস্থ্য ব্যবস্থার কারণে, কার্যকর পদক্ষেপ না নিতে পারলে অপ্রতিরোধ্য কোভিড-১৯ এর ধ্বংসাত্মক প্রভাবগুলো জনজীবনকে হুমকির মধ্যে ফেলে দিতে পারে।

মহামারি করোনাভাইরাস বাংলাদেশের স্বাস্থ্যসেবা ব্যবস্থাকে চ্যালেঞ্জের মুখে ফেলেছিলো। অন্যান্য দেশের স্বাস্থ্যসেবা ব্যবস্থা কীভাবে এই প্রাদুর্ভাবকে মোকাবেলা করেছে তা পর্যবেক্ষণ করে, অনুমান করা হয়েছিল যে বাংলাদেশে হাসপাতালগুলোর সক্ষমতার মাত্রা যথাযথ ছিল না। যদিও ঢাকা ও অন্যান্য বড় শহরের কিছু হাসপাতালে কোভিড-১৯ রোগীদের চিকিৎসার ব্যবস্থা ছিল, তবে জেলা ও উপজেলা পর্যায়ের বেশিরভাগ হাসপাতালই এই রোগীদের চিকিৎসা করতে পারেনি। কোভিড-১৯ এর ভয়াবহ সংক্রমণের ফলে, বেশিরভাগ সময়, রোগীদের হাসপাতালে ভর্তি এবং নিবিড় পরিচর্যার প্রয়োজন হয়। চিকিৎসা সেবার অভিজ্ঞতায় দেখা গেছে যে, কোরোনাভাইরাসে আক্রান্ত কিছু রোগীর একপর্যায়ে শ্বাসকষ্ট হয় এবং তাদের রক্তে অক্সিজেন স্যাচুরেশন লেভেল কমে যায়। এই ধরনের পরিস্থিতিতে, অক্সিজেন থেরাপি ছাড়া রোগীর অবস্থার দ্রুত অবনতি হতে পারে। কিন্তু বেশিরভাগ হাসপাতালে কোভিড-১৯ সংক্রমণ প্রতিরোধে সহায়ক চিকিৎসা প্রদানের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতির সরবরাহ ছিল অপর্যাপ্ত। তাই, প্রতিটি হাসপাতাল, ক্লিনিক এবং চিকিৎসা কেন্দ্রে কার্যকর চিকিৎসা প্রদানের জন্য অক্সিজেন, ওষুধ এবং আপডেটেড ভেন্টিলেশনসহ নিবিড় পরিচর্যা ইউনিটের প্রয়োজন আছে বলে মনে করা হয়। হাসপাতালগুলোতে COVID-19 রোগীর সংখ্যা বৃদ্ধির সাথে সাথে হাই-ফ্লো নাসাল ক্যানুলা (HFNC) নামক একটি ডিভাইসসহ

অক্সিজেন সিলিন্ডারের চাহিদাও বৃদ্ধি পাচ্ছিলো। তীব্র হাইপোক্সিক শ্বাসযন্ত্রের রোগীদের মধ্যে, ইনটিউবেশন এড়াতে প্রচলিত অক্সিজেন ডিভাইসের তুলনায় HFNC অধিকতর কার্যকর বলে প্রমাণিত হয়েছিল। কোভিড-১৯ রোগীদের জন্য প্রাথমিক কৌশল হল প্রাথমিক যত্ন এবং সহায়ক পরিচর্যা, যেখানে হাইপোক্সিক রোগীদের জন্য অক্সিজেন থেরাপিসহ HFNC অক্সিজেনেশন অধিকতর কার্যকর বলে জানা গিয়েছে।

মহামারির শুরুতে, করোনাভাইরাস এবং এর দ্বারা সৃষ্ট রোগ সম্পর্কে স্বাস্থ্যকর্মীদের মধ্যে সীমিত জ্ঞান ছিল বা তেমন কোনো জ্ঞানই ছিল না। এবং বিদ্যমান স্বাস্থ্যসেবা সুবিধাগুলো পরিস্থিতি সামাল দিতেও প্রস্তুত ছিল না। তৃণমূল পর্যায়ের স্বাস্থ্যকর্মীরা প্রাণঘাতী করোনাভাইরাস সম্পর্কে জানতও না। গত দুই দশকে, সরকার সারাদেশে পরিবারসমূহকে সহায়তা করার জন্য কমিউনিটি পর্যায়ে অনেক স্বাস্থ্যকর্মী নিযুক্ত করেছে। তারা সংশ্লিষ্ট ক্যাচমেন্ট এলাকার কমিউনিটিতে সহজতর স্বাস্থ্য পরীক্ষা, স্বাস্থ্য সচেতনতা ও স্বাস্থ্যশিক্ষা কার্যক্রম পরিচালনা করে। সরকারি স্বাস্থ্য খাত কর্তৃপক্ষ বাংলাদেশে কোভিড-১৯ মহামারি মোকাবিলায় এই কমিউনিটি স্বাস্থ্যকর্মীদের মাধ্যমে কাজ করার সিদ্ধান্ত নিয়েছে।

গৃহীত পদক্ষেপসমূহ

ইউজিডিপি-এর আওতাভুক্ত বিস্তৃত এলাকা এবং সেক্টরের কভারেজ বিবেচনা করে স্থানীয় সরকার বিভাগ এবং জাইকা বাংলাদেশ অফিসের মধ্যে ২০ মে ২০২০ তারিখে কোভিড-১৯ মহামারি মোকাবেলায় কীভাবে অবদান রাখা যায় সেই সম্ভাবনা যাচাইয়ের লক্ষ্যে, একটি বিশেষ বৈঠক অনুষ্ঠিত হয়। সভায়, প্রয়োজনে ইউজিডিপি কীভাবে উপজেলা পর্যায়ে কোভিড-১৯ ছড়িয়ে পড়া প্রতিরোধে সাড়া দিতে সক্ষম সে বিষয়ে আলোচনা করা হয়। কোভিড-১৯ জরুরি পরিস্থিতি বিবেচনায় রেখে, স্থানীয়ভাবে প্রস্তাবিত উপ-প্রকল্পগুলো প্রয়োজনীয় উপকরণ এবং সরঞ্জাম সংগ্রহ করায় মনোনিবেশ করতে পারে বলে পরামর্শ দেওয়া হয়েছিল। অবশেষে, সিদ্ধান্ত নেওয়া হয়েছিল যে, UGDP তার ৪র্থ রাউন্ডের (২০১৯ -২০) অধীনে ৩৫৭টি উপজেলার জন্য "কোভিড-১৯ প্রতিরোধে উপ-প্রকল্প" বাস্তবায়ন করবে। এই সিদ্ধান্তের সাথে সামঞ্জস্য রেখে, স্থানীয় পর্যায়ে কোভিড-১৯ সংক্রমণ মোকাবেলায় বাধ্যতামূলকভাবে কমপক্ষে ১০ লাখ টাকার স্বাস্থ্য-সম্পর্কিত অবকাঠামোগত উন্নয়ন উপ-প্রকল্প গ্রহণের নির্দেশনা প্রদান করে ২৮ জুলাই ২০২০ সকল উপজেলা পরিষদে একটি চিঠি পাঠানো হয়। একইভাবে, ২৫ আগস্ট ২০২০ আরেকটি চিঠি পাঠানো হয়েছিল যেখানে কোভিড-১৯ ভাইরাসের সংক্রমণ প্রতিরোধ, এবং সচেতনতা বৃদ্ধির বিষয়ে প্রশিক্ষণের জন্য বাধ্যতামূলকভাবে কমপক্ষে একটি সক্ষমতা উন্নয়ন বিষয়ক উপ-প্রকল্প গ্রহণের নির্দেশনা প্রদান করা হয় । এখানে উল্লেখ করা সমীচীন যে, UGDP প্রতিটি নির্বাচিত যোগ্য উপজেলার জন্য ৫০ লক্ষ টাকা প্রদান করে: ৪০ লক্ষ টাকা অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প (INFSP) এবং ১০ লক্ষ টাকা সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প (CDSP) বাস্তবায়নের জন্য। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তের সাথে সামঞ্জস্য রেখে, প্রতিটি উপজেলা পরিষদ চলমান স্থানীয় স্বাস্থ্য চাহিদার ভিত্তিতে প্রকল্প প্রস্তাব প্রণয়ন করে এবং স্থানীয়ভাবে কোভিড-১৯ মহামারি মোকাবেলায় সাড়া দেওয়ার জন্য উপ-প্রকল্পগুলো সফলভাবে বাস্তবায়ন করে।

ইউনিয়ন স্বাস্থ্য উপকেন্দ্রে অক্সিজেন সিলিন্ডার বিতরণের উদ্বোধনী অনুষ্ঠান নোয়াখালী সদর উপজেলা, নোয়াখালী

রাজশাহীর মোহনপুর উপজেলায় স্বাস্থ্যকর্মীদের মধ্যে কোভিড-১৯ সম্পর্কে সচেতনতামূলক প্রশিক্ষণে বক্তারা

ফলাফল

৪র্থ রাউন্ডে যোগ্য বিবেচিত সকল উপজেলায় মোট ৩৫৫টি কোভিড-সম্পর্কিত অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প (INFSP) বাস্তবায়িত হয়েছে, (সারণি-১) দ্রষ্টব্য। এর মধ্যে ১২১টি উপ-প্রকল্প ছিল সেন্ট্রাল অক্সিজেন সাপ্লাই সিস্টেম (সিওএসএস) স্থাপন, যা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সরাসরি কোভিড-১৯ রোগীদের চিকিৎসার জন্য ব্যবহার করা হচ্ছে। এই ১২১টি সিওএসএসের মধ্যে সতেরোটি হাই ফ্লো নাসাল ক্যানুলা (HFNC) এর সংমিশ্রণে ইনস্টল করা হয়েছি ল এবং ১০টি অন্যান্য চিকিৎসা সরঞ্জামের সাথে সম্পৃক্ত ছিল। উল্লেখ্য, এই ১২১টি COSS ২,১৬৫টি আউটলেটের মাধ্যমে ২,১৬৫ রোগীর বেডের সাথে সংযুক্ত করা হয়েছে। অন্যদিকে, অবশিষ্ট ২৩৪টি INFSP-এর মধ্যে রয়েছে বেশ কিছু চিকিৎসা সুবিধা স্থাপন এবং বিভিন্ন চিকিৎসা সরঞ্জাম সরবরাহ (সারণি ২)। জাপানসহ বিভিন্ন দেশ থেকে চিকিৎসা সরঞ্জাম আনা হয়েছে। অনুমান করা হয়েছিল যে প্রতি বছর এই ৩৫৫টি INFSP-এর সরঞ্জাম এবং সুবিধা দিয়ে প্রায় ১২৩,০০০ রোগীকে চিকিৎসা সেবা দেয়া যেতে পারে।

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সাজানো অক্সিজেন সিলিন্ডার, গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ।

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, দাগনভূঁইয়া, ফেনীতে স্থাপিত অক্সিজেন সিলিন্ডারের কার্যকর ব্যবহার নিশ্চিত করার জন্য স্থাপন করা সংশ্লিষ্ট ডিভাইস

সারণি ১: ৪র্থ রাউন্ডে কোভিড- ১৯ -সম্পর্কিত INFSP-এর সংখ্যা।

মোট INFSP সংখ্যা	COSS সহ INFSP-এর সংখ্যা		অন্যান্য চিকিৎসা সরঞ্জাম ও সুযোগ-সুবিধা সম্পর্কিত INFSP সংখ্যা
	HFNC ছাড়া COSS-এর সংখ্যা	HFNC-এর সঙ্গে COSS-এর সংখ্যা	
৩৫৫	১০৪	১৭	২৩৪

সারণি ২: ৪র্থ রাউন্ডের INFSP-এর অধীনে ইনস্টল করা চিকিৎসা সুবিধা এবং সরঞ্জাম সরবরাহের তালিকা।

ক্রম নং	আইটেমের নাম	পরিমাণ
০১	অ্যাম্বুলেন্স	১১
০২	হাসপাতালের ওয়ার্ড/O.T এর জন্য এয়ার কন্ডিশনার	২৭
০৩	রক্তচাপ মাপার যন্ত্র	২২২
০৪	ডিজিটাল থার্মোমিটার/ইনফ্রারেড থার্মোমিটার	৪৩
০৫	ইসিজি মেশিন	২৯
০৬	নেবুলাইজার	৩৭৩

০৭	অক্সিজেন ঘনীভূতকারী মেশিন	১০৪
০৮	পালস অক্সিমিটার	২৬২
০৯	রোগীর শয্যা/বিছানা	৩৭৮
১০	রোগীর ট্রলি/হুইলচেয়ার	৫৫
১১	অপারেশন থিয়েটারের জন্য সার্জিক্যাল বেড	০২
১২	আল্ট্রা-সোনোগ্রাফ মেশিন	১১৭
১৩	এক্স-রে মেশিন	১৭
১৪	রোগীর ওজন মাপার মেশিন	৩৬
১৫	চিকিৎসা সরঞ্জাম রাখার জন্য রেফ্রিজারেটর	০১
১৬	কমিউনিটি ক্লিনিক ভবন নির্মাণ	০৯
১৭	আইসোলেশন ওয়ার্ড নির্মাণ	0৬
১৮	অক্সিজেন সিলিন্ডার ব্যাংক শেড নির্মাণ	৮0
১৯	কমিউনিটি ক্লিনিকে ডেলিভারি রুম নির্মাণ	0৬
২০	অপারেশন থিয়েটারের কক্ষ উন্নয়ন	0৩
২১	কমিউনিটি ক্লিনিক মেরামত	১৮
২২	পারিবার কল্যাণ কেন্দ্র মেরামত	০৭
২৩	উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ভবন মেরামত	০৯
২৪	চিকিৎসা সরঞ্জাম (বিবিধ)	১১,৪৯১

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মোহনপুর, রাজশাহীতে অক্সিজেন সিলিন্ডার স্থাপন করা হয়েছে

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, তানোর, রাজশাহীতে আল্ট্রা-সোনোগ্রাফি মেশিন সরবরাহ করা হয়েছে

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, তানোর, রাজশাহীতে আল্ট্রা-অ্যাম্বুলেন্স মেশিন সরবরাহ করা হয়েছে

এছাড়াও, ৪র্থ রাউন্ডের জন্য নির্বাচিত সকল উপজেলায় মোট ৪৫৩টি কোভিড-১৯ প্রতিরোধমূলক ক্যাপাসিটি ডেভেলপমেন্ট উপ-প্রকল্প (সিডিএসপি) বাস্তবায়িত হয়েছে। এই সিডিএসপিগুলোর মধ্যে, যথাক্রমে ৪০১টি প্রশিক্ষণ, ৩২টি কর্মশালা, ১০টি কোভিড-১৯ বিষয়ে ওরিয়েন্টেশন প্রোগ্রাম, ৬টি প্রচারাভিযান এবং ৪টি সেমিনার আয়োজিত হয়েছিল। স্বাস্থ্যসেবা প্রদানকারী এবং কমিউনিটি হেলথ কর্মীসহ মোট ৫৩,০৭৩ জন এই প্রোগ্রাম গুলোর সুবিধাভোগী ছিলেন। যদিও "কোভিড-১৯ প্রতিরোধমূলক উপ-প্রকল্প" বাস্তবায়নের সিদ্ধান্ত

কোভিড-১৯ মহামারির মধ্যে নেওয়া হয়েছিল, তথাপিও এই কর্মসূচির প্রভাব অবশ্যই বহুগুণ বর্ধিত আকারে জনজীবনে ইতিবাচক প্রভাব ফেলবে বলে আশা করা যায়। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সগুলোতে ইউজিডিপি দ্বারা সরবরাহ করা চিকিৎসা সরঞ্জাম এবং ডিভাইসগুলো মহামারি শেষ হওয়ার পরেও গুরুতর শ্বাসযন্ত্রের ব্যাধি এবং অন্যান্য জরুরি ক্ষেত্রে রোগীদের চিকিৎসার জন্য ব্যবহার করা যেতে পারে। একইভাবে, স্বাস্থ্যসেবা প্রদানকারী এবং কমিউনিটি হেলথ ওয়ার্কাররা সেই অনুযায়ী সিডিএসপি প্রশিক্ষণের মাধ্যমে তাদের অর্জিত জ্ঞান ব্যবহার করতে সক্ষম হবে।

জেলা প্রশাসক, মাগুরা শালিখা উপজেলায় কোভিড-১৯ প্রতিরোধ বিষয়ক স্বাস্থ্যকর্মীদের প্রশিক্ষণের উদ্বোধন করেন।

নড়াইলের সিভিল সার্জন ডা. নাসিমা আক্তার নড়াইল সদর উপজেলায় কোভিড-১৯ রোগী ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণে বক্তব্য রাখছেন।

উল্লেখযোগ্য দিকসমূহ

- ২০ মে ২০২০ তারিখে স্থানীয় সরকার বিভাগ এবং জাইকা-বাংলাদেশের মধ্যে অনুষ্ঠিত একটি বিশেষ বৈঠকে ইউজিডিপি দ্বারা ৪র্থ রাউন্ড (২০১৯-২০) কার্যকলাপের অধীনে ৩৫৭ টি উপজেলার জন্য "কোভিড-১৯ প্রতিরোধে উপ-প্রকল্প" বাস্তবায়নের সিদ্ধান্ত নেওয়া হয়েছিল।

- স্থানীয় পর্যায়ে কোভিড-১৯ সংক্রমণ মোকাবেলা করার জন্য প্রতিটি নির্বাচিত উপজেলায় কমপক্ষে ১০ লাখ টাকার স্বাস্থ্য-সম্পর্কিত একটি অবকাঠামোগত উপ-প্রকল্প এবং কোভিড-১৯ ভাইরাস এর সংক্রমণরোধ ও সচেতনতা বৃদ্ধিতে সক্ষমতা উন্নয়ন বিষয়ক অন্তত একটি প্রশিক্ষণ উপ-প্রকল্প বাস্তবায়ন করা বাধ্যতামূলক করা হয়েছিল।

- ২০২২ সালের এপ্রিলের শেষ পর্যন্ত, ৪র্থ রাউন্ডের জন্য নির্বাচিত সকল উপজেলায় মোট ৩৫৫ টি কোভিড প্রতিরোধ সম্পর্কিত অবকাঠামোগত উপ-প্রকল্প (INFSP) বাস্তবায়িত হয়েছে। তন্মধ্যে ১২১টি উপ-প্রকল্প ছিল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সেন্ট্রাল অক্সিজেন সাপ্লাই সিস্টেম (সিওএসএস) স্থাপন, যেখানে ২,১৬৫টি অক্সিজেন আউটলেট রয়েছে। উক্ত ৩৫৫টি INFSP প্রদত্ত সকল সুবিধা এবং সরঞ্জামগুলো দ্বারা প্রতি বছর প্রায় ১২৩,০০০ রোগীর চিকিৎসা করার সক্ষমতা রয়েছে। অধিকন্তু, নির্বাচিত সকল উপজেলায় ৪৫৩টি সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প (CDSP) বাস্তবায়নের মাধ্যমে স্বাস্থ্যসেবা প্রদানকারী এবং কমিউনিটি হেলথ কর্মীসহ মোট ৫৩,০৭৩ জনকে কোভিড-১৯ প্রতিরোধ-সম্পর্কিত বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

প্রকল্পের নাম: উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP)

এলাকা: ৩৫৭ উপজেলা

প্রাসঙ্গিক এসডিজি লক্ষ্যমাত্রা: SDG1, SDG3, SDG16

বাস্তবায়নকারী সংস্থা: এলজিডি এবং জাইকা

বাস্তবায়নের সময়কাল: অর্থবছর ২০১৯-২০২২

সুবিধাভোগী: প্রতি বছর ১,২৩,০০০ রুগী এবং ৫৩,০৭৩ জন প্রশিক্ষণপ্রাপ্ত হয়েছে।

উন্নত সুশাসন এবং উন্নত সেবা প্রদান: চাঁদপুর সদর উপজেলার সাফল্যের গল্প

প্রেক্ষাপট

চাঁদপুর সদর উপজেলা চাঁদপুর জেলার একটি উন্নত উপজেলা। এই উপজেলা ২০১৭ সালে গভর্ন্যান্স পারফরমেন্স অ্যাসেসমেন্টের চালুর প্রথম বছরে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (ইউজিডিপি) টার্গেট উপজেলা হিসেবে অন্তর্ভুক্ত হয়েছে। প্রথম গভর্ন্যান্স পারফরমেন্স অ্যাসেসমেন্টে চাঁদপুর সদর উপজেলা পরিষদ ১০০ নম্বরের মধ্যে ৫৯ নম্বর পেয়েছিল। দুর্বল ডকুমেন্টেশন এবং রেকর্ড-রক্ষণের কারণে এই স্কোরটি খুব বেশি ছিল না। এরপর থেকে ইউজিডিপি'র আওতায় এই উপজেলা পরিষদের প্রশাসনিক কর্মক্ষমতা উন্নয়নে বিভিন্ন উদ্যোগ ও পদক্ষেপ গ্রহণ করা হয় এবং এর ফলে প্রকল্প বাস্তবায়নের ৫ম দফায় উল্লেখযোগ্য পরিবর্তন সাধিত হয়েছে।

গৃহীত পদক্ষেপসমূহ

ইউজিডিপির অধীনে বার্ষিক গভর্ন্যান্স পারফরমেন্স অ্যাসেসমেন্ট মোট ০৫ বার পরিচালিত হয়েছে এবং চাঁদপুর সদর উপজেলা পরিষদ ০৫টি রাউন্ডেই উত্তীর্ণ হয়েছে। আয়কর ও ভ্যাট বাদ দিয়ে উপজেলাটি দুইবার ২০ লাখ টাকা প্রণোদনা, নিয়মিত বরাদ্দ ৫০ লাখ টাকা করে পাঁচবার মোট ২ কোটি ৯০ লক্ষ টাকা দক্ষতা ভিত্তিক বরাদ্দ (পিবিএ) পেয়েছে।

পরিচালন পদ্ধতির উন্নয়ন:

ইউজিডিপি কর্তৃক নিযুক্ত উপজেলা উন্নয়ন সহায়ক (ইউডিএফ) উপজেলা পর্যায়ে প্রশাসনিক উন্নতির জন্য বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। উপজেলা কমিটির সভাসমূহ নিয়মিত আয়োজনে সহায়তা প্রদান, যথাযথ ডকুমেন্টেশন, পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়ন, বার্ষিক উন্নয়ন পরিকল্পনা, বার্ষিক বাজেট ও বার্ষিক আর্থিক বিবরণী প্রণয়ন এবং উপজেলা পরিষদ ওয়েব পোর্টাল হালনাগাদ করা এসব কার্যক্রমের অন্তর্ভুক্ত।

বহু-খাতসম্পন্ন কর্মসূচী:

উপজেলা পরিষদ ৩৩টি ক্যাপাসিটি ডেভেলপমেন্ট সাব-প্রজেক্ট (সিডিএসপি) এবং ০৯টি অবকাঠামো উপ-প্রকল্প (আইএনএফএসপি)

বাস্তবায়ন করেছে। এই সাব-প্রজেক্টগুলো বহু-খাতসম্পন্ন এবং বহুমূখী ছিল, যা বিভিন্ন খাতের অংশীজনদের উপকৃত করেছে।

সরকারী কর্মকর্তা	৩৪৪	পাবলিক সার্ভিস প্রোভাইডার ৭৫৪
শিক্ষক	২৮০	
স্বাস্থ্যকর্মী	১৩০	
নির্মাণ শ্রমিক	১৬০	তৃণমূল সুবিধাভোগী ১,৬৭৬ জন
কৃষক	৮৮০	
জেলে	২২০	
নারী	১৩০	
সিএনজি চালক	১০৬	
পিতামাতা/অভিভাবক	৯৫	
বেকার যুবক	৮৫	
জনপ্রতিনিধি	৩০	সুশীল সমাজ ১৯৯ জন
ধর্মীয় গুরুজন	৩০	
বিবাহ নিবন্ধক	১৩৯	
মোট	**২,৬২৯**	

সিডিএসপির অধীন প্রশিক্ষণে মোট ২,৬২৯ জন অংশগ্রহণকারী প্রশিক্ষণ গ্রহণ করেন। এরা হলেন (১) পাবলিক সার্ভিস প্রোভাইডার ৭৫৪ জন, (২) সুশীল সমাজ প্রতিনিধি ১৯৯ জন এবং (৩) তৃণমূল সুবিধাভোগীগণ ১,৬৭৬ জন। এছাড়া বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে অনেক প্রচারাভিযানের ব্যবস্থা করা হয়, যাতে ৭,৪৬৫ জন কিশোর-কিশোরী অংশ গ্রহণ করেছিল। এই সেশনগুলোতে কিশোর-কিশোরীদের প্রজনন স্বাস্থ্য, লিঙ্গভিত্তিক সহিংসতা, মাদকদ্রব্যের অপব্যবহার ইত্যাদির মতো বিষয়গুলো অন্তর্ভুক্ত করা হয়। ইউজিডিপি তহবিল ব্যবহার করে সংশ্লিষ্ট উপজেলা কমিটির নির্দেশনায় সংশ্লিষ্ট লাইন বিভাগ এই সকল প্রশিক্ষণ কর্মসূচী প্রণয়ন ও বাস্তবায়ন করেছে। প্রশিক্ষিত অংশগ্রহণকারীগণ তাদের দৈনন্দিন জীবন এবং কাজে তাদের নতুন জ্ঞান এবং দক্ষতা ব্যবহার করছে।

উপ-প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য উপজেলা পরিষদ প্রয়োজনীয় প্রশাসনিক কার্যক্রম পরিচালনা করলেও প্রথম এবং দ্বিতীয় রাউন্ডে ইউডিএফ পূর্ণ-সময়কালীন এবং তৃতীয় রাউন্ড হতে দূরবর্তীভাবে এই কার্যক্রমসমূহের সহায়তায় জড়িত ছিল।

সারণি ১: সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্পসমূহের তালিকা

রাউন্ড ১	রাউন্ড ২	রাউন্ড ৩	রাউন্ড ৪	রাউন্ড ৫
• পুরুষ ও মহিলাদের জন্য পশুসম্পদ প্রশিক্ষণ • অ-বিষাক্ত ফসল চাষে প্রশিক্ষণ • বাল্যবিবাহ, প্রজনন স্বাস্থ্য বিষয়ে কর্মশালা • অনগ্রসর মহিলাদের জন্য সেলাই প্রশিক্ষণ • সিটিজেন চার্টার এবং আরটিআই বিষয়ে প্রশিক্ষণ • বাল্যবিবাহ প্রতিরোধে কর্মশালা	• অসংক্রামক রোগের উপর প্রশিক্ষণ • শ্রেণীকক্ষে মাল্টিমিডিয়া ব্যবহারের প্রশিক্ষণ • ওয়েব পোর্টাল এবং ই-ফাইলিং বিষয়ে প্রশিক্ষণ • পুরুষ ও মহিলাদের জন্য পশুসম্পদ প্রশিক্ষণ • কুমড়া জাতীয় ফসল চাষের প্রশিক্ষণ • দরিদ্র মহিলাদের জন্য সেলাই প্রশিক্ষণ • ইলিশ মাছ রক্ষায় কর্মশালা	• গরু-ছাগল পালনে সক্ষমতা বৃদ্ধি প্রশিক্ষণ • আইসিটি মাল্টিমিডিয়া ক্লাসরুম ব্যবস্থাপনার উপর প্রশিক্ষণ • ওয়েব পোর্টাল এবং ই-ফাইলিং প্রশিক্ষণ • ব্লক বাটিক এবং ক্রিস্টাল পণ্য তৈরির প্রশিক্ষণ • গ্রাফিক্স ডিজাইন এবং ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ • শিশু যত্ন এবং প্রসূতি স্বাস্থ্যের উপর প্রশিক্ষণ • মোবাইল ফোন সার্ভিসিং প্রশিক্ষণ • শারীরিক থেরাপির প্রশিক্ষণ	• COVID-19 সচেতনতা বিষয়ে কর্মশালা • প্রতিবন্ধী শিশুদের জন্য শারীরিক থেরাপির প্রশিক্ষণ • ওয়েব পোর্টালে প্রশিক্ষণ, ই-ফাইলিং এবং ডিজিটাল অফিস ব্যবস্থাপনা প্রশিক্ষণ • গ্রাফিক ডিজাইন এবং ফ্রিল্যান্সিং-এ উন্নত ধাপের প্রশিক্ষণ • ডিজিটাল ক্লাস ম্যানেজমেন্টের উপর প্রশিক্ষণ • ব্লক-বাটিক ও শো-পিস তৈরির প্রশিক্ষণ	• COVID-19 সচেতনতা বিষয়ে কর্মশালা • পেশাদারদের জন্য ই-মিউটেশনের উপর প্রশিক্ষণ • নির্মাণ শ্রমিকদের জন্য দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ • কৃষকদের জন্য সবজি চাষের প্রশিক্ষণ • সিএনজি চালকদের জন্য ট্রাফিক আইন সম্পর্কে সচেতনতামূলক কর্মশালা • ওয়েব পোর্টাল, ই-ফাইলিং এবং ডিজিটাল অফিস ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ

সারণী ২: অবকাঠামো উপ-প্রকল্পসমূহের তালিকা

রাউন্ড ১	রাউন্ড ২	রাউন্ড ৩	রাউন্ড ৪	রাউন্ড ৫
• গভীর নলকূপ, বৈদ্যুতিক পানির ফিল্টার, মাছের শেড, সেচ ড্রেন নির্মাণ • ল্যাপটপ/কম্পিউটার, প্রিন্টার, স্ক্যানার, মাল্টিমিডিয়া প্রজেক্টর এবং স্কুলের জন্য আসবাবপত্র সরবরাহ	প্রতিবন্ধী শিশুদের জন্য স্কুল ভবন (স্বপ্ন) নির্মাণ	শ্রেণীকক্ষ নির্মাণ	• চিকিৎসা সরঞ্জাম, UHC এর জন্য অক্সিজেন সিলিন্ডার সরবরাহ • শিক্ষা প্রতিষ্ঠানের জন্য ল্যাপটপ, ডেস্কটপ কম্পিউটার ও প্রিন্টার সরবরাহ • শিক্ষা প্রতিষ্ঠানের জন্য উচু-নিচু বেঞ্চ সরবরাহ	• সেচ ড্রেন নির্মাণ • হাত ধোয়ার বেসিন এবং বৈদ্যুতিক পানির ফিল্টার স্থাপন

০৯ টি অবকাঠামো উপ-প্রকল্প (আইএনএফএসপি) হতে প্রাপ্ত ফলাফলের সারসংক্ষেপ নিম্নরূপ:

স্বাস্থ্য খাত:

৪৪ কমিউনিটি ক্লিনিকে অক্সিজেন সিলিন্ডার (১০ সেট), পালস অক্সিমিটার (৬০), রক্তচাপ মেশিন (৬০), পোর্টেবল নেবুলাইজার মেশিন (৫০), শরীরের ওজন ও উচ্চতা মেশিন (৫৭), মোবাইল স্পটলাইট (৩), ডিজিটাল থার্মোমিটার (৫৯) এবং বৈদ্যুতিক জল ফিল্টার (৩৫) সরবরাহ করা হয়েছে। ৩০টি কমিউনিটি ক্লিনিকে হ্যান্ডওয়াশিং বেসিন এবং বৈদ্যুতিক পানির ফিল্টার স্থাপন করা হয়; এছাড়া ০৬ টি গভীর নলকূপও স্থাপন করা হয়েছে।

শিক্ষা খাত:

একটি প্রাথমিক বিদ্যালয়ের উর্ধমূখী সম্প্রসারণ করা হয়েছে। যেখানে ০৪ টি কক্ষ নির্মান, আসবাবপত্র এবং বৈদ্যুতিক সরঞ্জামসহ প্রদান করা হয়েছে। একটি স্কুল ভবন নির্মিত হযেছে। নির্মিত ভবনে ৪টি কক্ষ, স্বাস্থ্যকর টয়লেট, বৈদ্যুতিক পানির ফিল্টার এবং প্রতিবন্ধী শিশুদের জন্য আসবাবপত্র রয়েছে। ২০টি শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাপটপ ও ডেস্কটপ কম্পিউটার, প্রিন্টার, স্ক্যানার ও মাল্টিমিডিয়া প্রজেক্টর বিতরণ করা হয়েছে। ৩৭টি শিক্ষা প্রতিষ্ঠানে ৬৮৫ জোড়া আধুনিক উঁচু-নিচু বেঞ্চ প্রদান করা হয়েছে।

কৃষি খাত:

১,১০০ মিটার সেচ ড্রেন নির্মাণ করা হয়েছে, যাতে সেচের পানি যথাযথ ব্যবহারের মাধ্যমে কৃষকরা সরাসরি উপকৃত হতে পারেন।

ফলাফল

সুশাসনের উন্নতি: ইউজিডিপি সকল উপজেলা পরিষদের জন্য পাঁচটি দফায় পারফরমেন্স অ্যাসেসমেন্ট পরিচালনা করে যোগ্য উপজেলা পরিষদ নির্বাচন করার জন্য, যা ইউজিডিপি হতে দক্ষতা ভিত্তিক বরাদ্দ (পিবিএ) পেতে পারে। চাঁদপুর সদর উপজেলা পরিষদ সকল রাউন্ডে ইউজিডিপি হতে পিবিএ পাওয়ার যোগ্যতা অর্জন করে। চাঁদপুর সদর উপজেলা ১ম রাউন্ডে ৫৯ নম্বর এবং ৫ম রাউন্ডে ৮৮ নম্বর পায়। এটি ইউজিডিপি বাস্তবায়নের ০৫ বছরে উপজেলার প্রশাসনিক কর্মক্ষমতার উল্লেখযোগ্য উন্নতির নির্দেশক।



চিত্র 1: চাঁদপুর সদরের গভর্ন্যান্স পারফরমেন্স স্কোর (100 এর মধ্যে)

এখন প্রকল্প নির্বাচন কমিটি সক্রিয়ভাবে সমস্ত সম্ভাব্য উপ-প্রকল্পসমূহ পর্যালোচনা করে এবং তাদের মধ্যে কয়েকটি অনুমোদনের জন্য উপজেলা পরিষদের কাছে সুপারিশ করে। এখন নিয়মিত উপজেলা পরিষদ ওয়েব পোর্টাল হালনাগাদ তথ্য দ্বারা সমৃদ্ধ করা হয়। পঞ্চবার্ষিক পরিকল্পনা, বার্ষিক উন্নয়ন পরিকল্পনা এবং বাজেটিং এখন নিয়মিত কার্যক্রম হিসেবে বিবেচিত হচ্ছে।

উপজেলা পরিষদ সহ-সভাপতিদের নেতৃত্বে উপজেলা কমিটিগুলো সকল সিডিএসপি বাস্তবায়ন করেছে। অধিক সংখ্যক সিডিএসপি বাস্তবায়নের মাধ্যমে তারা সক্ষমতা উন্নয়ন কার্যক্রমের পরিকল্পনা ও বাস্তবায়নে আস্থা অর্জন করছে, যা তাদের ক্ষমতায়ন করছে। উপজেলা কমিটিসমূহের সক্রিয়তার কারনে এই প্রশিক্ষণ কর্মসূচির মান অধিকতর উন্নত হয়েছে। উপজেলা কমিটি কর্তৃক প্রকল্প বাস্তবায়ন প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি) চেয়ে বেশি কার্যকর হয়েছে। উন্মুক্ত দরপত্র পদ্ধতি এখন পরিচিতি লাভ করছে এবং ক্রয় প্রক্রিয়ায় আরও স্বচ্ছতা নিশ্চিত হয়েছে।

ইউজিডিপি'র বরাদ্দকৃত তহবিল দ্বারা বিশেষভাবে স্থানীয় চাহিদা পূরণের লক্ষ্যে উপ-প্রকল্প বাস্তবায়নের ফলে নিম্নরূপ উল্লেখযোগ্য উন্নতি হয়েছে।

স্বাস্থ্য সেবা প্রদান: চাঁদপুর সদর উপজেলার কমিউনিটি ক্লিনিকে অক্সিজেন সিলিন্ডার ও চিকিৎসা সরঞ্জাম সরবরাহ করা হয়েছে, যা কোভিড-১৯ এর চিকিৎসায় ভূমিকা রাখছে। অনেক কোভিড-১৯ আক্রান্ত রোগী এই কার্যক্রমের সুফল পেয়েছেন। কমিউনিটি ক্লিনিকসমূহে বিভিন্ন চিকিৎসা সরঞ্জাম সরবরাহ এবং ৩০টি হাত ধোয়ার বেসিন স্থাপনের ফলে কোভিড-১৯ ও অন্যান্য রোগ প্রতিরোধে স্বাস্থ্য খাত অত্যন্ত উপকৃত হয়েছে। কমিউনিটি ক্লিনিকে আগত রোগীদের জন্য ৩৫টি বৈদ্যুতিক পানির ফিল্টার এবং ০৬টি গভীর নলকূপও স্থাপন করা হয়েছে।

চাঁদপুর সদর উপজেলার বালিয়া ইউনিয়নের চাপিলা কমিউনিটি ক্লিনিকে নিরাপদ পানীয় জলের জন্য বৈদ্যুতিক পানির ফিল্টার স্থাপন করা হয়েছে

স্বাস্থ্যকর্মীগণ প্রশিক্ষণ এবং চিকিৎসা সরঞ্জাম ব্যবহার দ্বারা প্রাপ্ত জ্ঞান ব্যবহার করে ৪৪টি কমিউনিটি ক্লিনিকের মাধ্যমে এক বছরে ২০-২৫ হাজার রোগীর জন্য অধিকতর উন্নত স্বাস্থ্যসেবা প্রদান করছে। এর প্রায় ৭০-৮০ শতাংশ রোগীই নারী। হাঁপানির রোগীরা বিনামূল্যে নেবুলাইজেশন পাচ্ছে। কমিউনিটি ক্লিনিকের মাধ্যমে প্রত্যন্ত অঞ্চল/গ্রামীণ জনগোষ্ঠী তাদের দোরগোড়ায় বিনামূল্যে চিকিৎসা সেবা পাচ্ছে।

শিক্ষা খাতের উন্নতি: অটিজমে আক্রান্ত শিশুদের জন্য একটি নতুন স্কুল ভবন নির্মাণের ফলে শিশুদের জন্য শিক্ষার সুযোগ বৃদ্ধি পেয়েছে এবং প্রতিবন্ধী শিশুদের অধিকার নিশ্চিত হয়েছে। স্কুল ভবনগুলোর সংস্কার এবং সম্প্রসারণও স্কুলে শিক্ষার্থীদের সংখ্যা বাড়িয়ে তুলছে এবং স্কুল পরিচালকগণ গ্রামীণ শিশুদের জন্য আরও ভাল শেখার পরিবেশ এবং সুযোগ প্রদান করতে পেরেছেন। আসবাবপত্র এবং কম্পিউটার / ল্যাপটপের সরবরাহের মাধ্যমে গ্রামীণ স্কুল ব্যবস্থায় শিক্ষার মান উন্নয়ন হয়েছে। প্রয়োজনীয় সংখ্যক কম্পিউটার, ল্যাপটপ, প্রিন্টার, মাল্টিমিডিয়া প্রজেক্টর, স্ক্যানার ইত্যাদি নিয়ে শিক্ষা খাত আইসিটিতে সমৃদ্ধ হয়েছে। শিক্ষা খাত এখন অবকাঠামো, আসবাবপত্র এবং শিক্ষার সরঞ্জামগুলোর ক্ষেত্রে আরও দক্ষ, যা মানসম্পন্ন শিক্ষা নিশ্চিত করতে সহায়তা করছে।

নির্মিত সেচ ড্রেন

কৃষি উৎপাদন বৃদ্ধি: সেচ নালা বিভিন্নভাবে উপকার করেছে। এটি শুষ্ক মৌসুমে পানির অপব্যবহার রোধ করে এবং ধান ও অন্যান্য ফসলের কম খরচে উৎপাদনের সুবিধা প্রদান করে। এটি ব্যাপকভাবে খাদ্য নিরাপত্তায় অবদান রাখছে। প্রায় ১,৭০০ জন কৃষক ইউজিডিপি সহায়তায় সেচ সুবিধা ব্যবহার করছেন এবং ৩০০ একর জমি সেচের আওতায় আনা হয়েছে। এটি প্রায় ৫০০ মেট্রিক টন ধান উৎপাদনে সহায়তা করবে এবং ৭০,০০০ মানুষ এই উপ-প্রকল্পের পরোক্ষ সুবিধাভোগী হবে।

বেকার যুবকদের জন্য একটি দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের উদ্বোধন।

অর্থনৈতিক সুবিধা: প্রায় ১,২০০ জন সুবিধাভোগী বিভিন্ন ধরনের আয় বৃদ্ধির কার্যক্রমের (আইজিএ) সাথে সরাসরি জড়িত এবং তাদের পরিবারের উপার্জনক্ষম সদস্য হয়ে উঠেছে, যেখানে পরোক্ষভাবে প্রায় ৬,০০০ মানুষ অর্থনৈতিকভাবে উপকৃত হয়।

উপজেলা পরিষদ কর্তৃক নির্মিত প্রতিবন্ধী শিশুদের জন্য স্কুল: প্রতিবন্ধী শিশুদের অধিকার নিশ্চিত করা

চাঁদপুর সদর উপজেলার প্রতিবন্ধী শিশুদের সঠিক শিক্ষা লাভের কোন সুযোগ ছিল না। উপজেলা সমাজকল্যাণ কার্যালয় প্রতিবন্ধী শিশুদের জন্য একটি স্কুল নির্মাণের প্রস্তাব উপস্থাপন করে। উপজেলা পরিষদ প্রস্তাবটি অনুমোদন করে ইউজিডিপি তহবিল ব্যবহার করে প্রতিবন্ধী শিশুদের জন্য একটি পৃথক বিদ্যালয় নির্মাণ করে।

প্রকল্পের নাম: প্রতিবন্ধী শিশুদের জন্য SAPNA (স্বপ্ন) স্কুল নির্মাণ

প্রকল্প আইডি:

আইএনএফ-২০১৭-১৮-২০১৩২২-০১

বাস্তবায়নের সময়কাল: ২০১৯-২০

স্থান: কালেক্টরেট স্কুল, চাঁদপুর

প্রাসঙ্গিক এসডিজি লক্ষ্যমাত্রা: ০৪

সুবিধাভোগী: (পুরুষ ১০০, মহিলা ১০০)

***মোট বিনিয়োগ:** টাকা ৪১, ১৫,৩০৮.০০*

উপজেলার এবং কর্মদক্ষতায় উল্লেখযোগ্য পরিবর্তন

ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান সংশ্লিষ্ট উপজেলা কমিটির মাধ্যমে উপ-প্রকল্পের পরিকল্পনা ও বাস্তবায়ন প্রক্রিয়ায় অংশ নিয়ে ক্ষমতায়িত হন। এখানে উল্লেখ করা প্রয়োজন যে, ইউজিডিপি শুরুর পূর্বে বেশীরভাগ উপজেলা কমিটিসমূহ নিষ্ক্রিয় ছিল। কারণ এই কমিটিসমূহ কাজ করতে পারে এমন কোনও প্রকৃত আর্থিক সংস্থান ছিল না। ইউজিডিপি তহবিল বরাদ্দের মাধ্যমে উপজেলা কমিটিসমূহকে সক্রিয় করার জন্য পদক্ষেপ নিয়েছে। উপজেলা পরিষদের সহ-সভাপতিগন এই কমিটিগুলো হতে মাসিক উপজেলা পরিষদের সভায় তাদের মনোনীত উপ-প্রকল্পগুলো বাস্তবায়নের সুপারিশ পাঠান।

ইউজিডিপি উপ-প্রকল্প বাস্তবায়নেকালে তত্ত্বাবধান এবং পর্যবেক্ষণ কার্যক্রম বৃদ্ধি করেছে। উপ-প্রকল্প বাস্তবায়নের সময় সংশ্লিষ্ট কারিগরি ও তত্ত্বাবধায়ক কর্মী এবং উপজেলা পরিষদ চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান কর্তৃক প্রায়ই প্রশিক্ষণের স্থান ও প্রকল্প এলাকা পরিদর্শন করা হয়। যা উন্নয়ন প্রকল্পের স্থায়িত্ব নিশ্চিত করবে। আশা করা যায় যে, ইউজিডিপির মাধ্যমে প্রতিষ্ঠিত এই অনুশীলনটি অন্যান্য এডিপি স্কিমগুলোর তত্ত্বাবধানেও ধারাবাহিকভাবে প্রয়োগ করা হবে।

"স্বাস্থ্য, শিক্ষা এবং কৃষি খাতসমূহ ইউজিডিপি'র কার্যক্রমের মাধ্যমে অত্যন্ত উপকৃত হয়েছে। এখন এই খাতসমূহ তাদের লক্ষ্যভুক্ত জনগোষ্ঠীর জন্য UGDP-JICA-এর সহায়তায় অনেক বেশী সক্ষমতা, ইনপুট এবং অবকাঠামো সহায়তার মাধ্যমে অধিকতর উন্নত সেবা নিশ্চিত করতে পেরেছে। আমি UGDP এবং JICA-কে আমার আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।"

জনাব নুরুল ইসলাম নাজিম দেওয়ান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চাঁদপুর।

"ইউজিডিপি হল বাংলাদেশ সরকার কর্তৃক গৃহীত সবচেয়ে ব্যতিক্রমী এবং আশা ব্যঞ্জক প্রকল্পগুলোর মধ্যে একটি। এই প্রকল্পের মাধ্যমে উপজেলা পরিষদসমূহ, যা স্থানীয় সরকারের একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ স্তর- প্রধানত শিক্ষা, স্বাস্থ্য এবং কৃষি খাতে প্রয়োজন-ভিত্তিক উন্নয়নমূলক উপ-প্রকল্প গ্রহণ করে অধিক প্রতিক্রিয়াশীল হয়েছে। পাশাপাশি, এটি দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে গ্রামীণ এলাকায় অধিক দক্ষ জনশক্তি গড়ে তুলতে কার্যকর ভূমিকা পালন করছে। আমি ইউজিডিপির দীর্ঘমেয়াদী স্থায়িত্ব কামনা করছি।"

মিসেস সানজিদা শাহনাজ, ইউএনও, চাঁদপুর সদর, চাঁদপুর।

উল্লেখযোগ্য দিকসমূহ

- উন্নততর জনসেবা প্রদানে সক্ষমতা উন্নয়ন ও অবকাঠামো উন্নয়নের জন্য বিভিন্ন ধরনের উপ-প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে;
- উপজেলা পর্যায়ে কর্মরত স্থানান্তরিত লাইন বিভাগের অধিকাংশ জনই উপ-প্রকল্প বাস্তবায়নের সাথে জড়িত ছিল;
- উপ-প্রকল্প গ্রহণের ক্ষেত্রে অংশীজনদের বিভিন্ন গোষ্ঠীর স্বার্থ বিবেচনা করা হয়েছে;
- স্থানীয় চাহিদা এবং অগ্রাধিকারের উপর ভিত্তি করে বহুমুখী খাতসম্পন্ন উন্নয়ন কার্যক্রমসমূহ নকশা এবং বাস্তবায়ন করা হয়েছে;
- উচ্চ পর্যায়ের নীতিনির্ধারক এবং সরকারী কর্মকর্তাগণকে এই প্রকল্প সম্পর্কে অবহিত এবং আপডেট করা হয়েছে।

প্রকল্পের নাম: উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP)

এলাকা: চাঁদপুর সদর উপজেলা, চাঁদপুর জেলা

প্রাসঙ্গিক এসডিজি লক্ষ্যমাত্রা: SDG 1, 2, 3, 8, and 16

বাস্তবায়নকারী সংস্থা: এলজিডি এবং জাইকা

বাস্তবায়নের সময়কাল: অর্থবছর ২০১৭-২০২২

সুবিধাভোগী: নিবন্ধে বর্ণিত হিসেবে

উপজেলা পরিষদ কর্তৃক উন্নত জনসেবা প্রদান: কেরানীগঞ্জ উপজেলা পরিষদের একটি উদাহরণ

প্রেক্ষাপট

উপজেলা পরিষদ স্থানীয় সরকারের অন্যতম গুরুত্বপূর্ণ স্তর যেখানে সরকারি কর্মকর্তা ও জনপ্রতিনিধি উভয়কেই জনসেবা প্রদানের জন্য একসাথে কাজ করতে হয়। কেরানীগঞ্জ উপজেলা বুড়িগঙ্গা নদীর তীরে ঢাকা শহরের দক্ষিণ-পশ্চিম দিকে অবস্থিত। এটি ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন সংলগ্ন একটি দ্রুত বর্ধনশীল জনপদ, এবং এটি ঢাকা জেলার সবচেয়ে শহুরে উপজেলাগুলির মধ্যে একটি। এই উপজেলায় ১৬৬.৭ বর্গ কিলোমিটার এলাকায় ৬,০৩,০৬০ জন জনসংখ্যার ১২টি ইউনিয়ন রয়েছে।

কেরানীগঞ্জ উপজেলা ঢাকা শহর সংলগ্ন হওয়ায় বিপুল সংখ্যক অভিবাসী জনগোষ্ঠী এই এলাকায় স্থায়ীভাবে বসবাস করছে বা অস্থায়ীভাবে বসবাস করছে সেজন্য এলাকাটি ঘনবসতিপূর্ণ হয়ে উঠেছে, যদিও সরকারী সেবা সাধারণত তাদের চাহিদা পূরণের জন্য যথেষ্ট নয়। এমন পরিস্থিতিতে ইউজিডিপির সহায়তায় স্বাস্থ্যসেবা, পানি সরবরাহ, পয়ঃনিষ্কাশন ও শিক্ষা খাতে জনসেবা প্রদানে উপজেলা পরিষদ উল্লেখযোগ্য অবদান রেখেছে।

গৃহীত পদক্ষেপসমূহ

কেরানীগঞ্জ উপজেলা পরিষদ ১ম রাউন্ড থেকে ইউজিডিপির তহবিল পাওয়ার যোগ্যতা অর্জন করেছে। ইউজিডিপি-র অধীনে পরিচালিত মোট ৫ বার বার্ষিক গভর্ন্যান্স পারফরমেন্স অ্যাসেসমেন্টে (পিএ) এই উপজেলা পরিষদটি ৫ রাউন্ডেই যোগ্যতা অর্জন করেছে। উপজেলাটি মোট ২৭,০০০,০০০ টাকা দক্ষতা-ভিত্তিক বরাদ্দ (পিবিএ) পেয়েছে এবং অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পের জন্য অতিরিক্ত ইনসেন্টিভ পেয়েছে।

বিগত ৫ বছরে কেরানীগঞ্জ উপজেলা পরিষদ ৩০টি সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প (সিডিএসপি) এবং ৮টি অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প (আইএনএফএসপি) বাস্তবায়ন করেছে। ৩০টি সিডিএসপি একাধিক সেক্টর এবং সাব-সেক্টর অন্তর্ভুক্ত করছে: কৃষি ও সেচ, মৎস্য ও প্রাণিসম্পদ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ, আইসিটি, ভূমি প্রশাসন, জনস্বাস্থ্য, মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা, দক্ষতা উন্নয়ন এবং আইজিএ, নারী

উন্নয়ন এবং যুব ও ক্রীড়া। এই সমস্ত সিডিএসপিগুলির জন্য, উপজেলা পর্যায়ে প্রাসঙ্গিক স্থানান্তরিত লাইন বিভাগগুলি তাদের নকশা এবং বাস্তবায়নে অবদান রেখেছে।

সারণি ১: সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্পের তালিকা (সিডিএসপি)

রাউন্ড ১	রাউন্ড ২	রাউন্ড ৩	রাউন্ড ৪	রাউন্ড ৫
নিরাপদ মাতৃত্বের উপর প্রশিক্ষণ	কিশোর প্রজনন স্বাস্থ্যের উপর প্রশিক্ষণ	জিওবি কর্মকর্তাদের জন্য ই-ফাইলিং এবং ওয়েব পোর্টাল প্রশিক্ষণ	ওয়েব পোর্টালে প্রশিক্ষণ এবং NBD কর্মকর্তাদের জন্য ই-ফাইলিং	ডিজিটাল ডকুমেন্ট, ওয়েব পোর্টাল এবং অফিস ম্যানেজমেন্ট বিষয়ে
পশুর মাংস ও দুধ উৎপাদন বিষয়ে কৃষকদের প্রশিক্ষণ	বাল্যবিবাহ প্রতিরোধে সামাজিক সচেতনতা	ফ্রিল্যান্সিং এর উপর প্রশিক্ষণ	জমির মেয়াদ এবং জমির অধিকার সম্পর্কে প্রশিক্ষণ	সদ্য বিবাহিত দম্পতির জন্য প্রজনন স্বাস্থ্যের উপর প্রশিক্ষণ
শিক্ষকদের জন্য মাল্টিমিডিয়া ব্যবহারের বিষয়ে আইসিটি প্রশিক্ষণ	TLD কর্মকর্তাদের জন্য ই-ফাইলিং প্রশিক্ষণ	প্রতিবন্ধী ব্যক্তি এবং ক্ষুদ্র কৃষকদের জন্য IGA-এর উপর প্রশিক্ষণ	স্বাস্থ্যকর্মীদের জন্য COVID-১৯ সচেতনতা বিষয়ে প্রশিক্ষণ	বয়ঃসন্ধিকালের প্রজনন স্বাস্থ্য পরিচর্যার প্রশিক্ষণ
নিরাপদ কৃষি উৎপাদন বিষয়ে প্রশিক্ষণ	ফ্রিল্যান্সিং এর উপর প্রশিক্ষণ	ছাদে সবজি ও ফল বাগানের প্রশিক্ষণ	প্রধান শিক্ষকদের জন্য আইসিটি এবং প্রশাসনিক দক্ষতার উপর প্রশিক্ষণ	মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের জন্য আইসিটি-সম্পর্কিত শিক্ষাদানের প্রশিক্ষণ
যুবকদের জন্য ব্লক বাটিক প্রশিক্ষণ	গরুর মাংস মোটাতাজাকরণের প্রশিক্ষণ	মোবাইল সার্ভিসিং এর উপর প্রশিক্ষণ	বেকার শিক্ষিত যুবকদের জন্য মোবাইল সার্ভিসিং বিষয়ে প্রশিক্ষণ	বায়োফ্লক পদ্ধতিতে মাছ চাষের প্রশিক্ষণ
